গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(website: www.hajj.gov.bd)

# বেসরকারি ব্যবস্থাপনায় হজ এজেন্সীর মোনাজ্জেম নির্বাচন ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা

বেসরকারি ব্যবস্থাপনায় অংশগ্রহণকারী হজ এজেন্সীদের রাজকীয় সৌদি সরকারের দপ্তরসমূহে বিভিন্ন কাজের জন্য মোনাজ্জেম নির্ধারণ বাধ্যতামূলক। তৎপ্রেক্ষিতে জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি:) এর অনুচ্ছেদ ৩.১.১৪ অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনার মোনাজ্জেমদের হজের পূর্বে মোয়াল্লেম ও সৌদি কর্তৃপক্ষের সঙ্গে চুক্তি, বাড়ি/হোটেল ভাড়া এবং অন্যান্য কাজের জন্য সৌদি আরব যেতে হয়। হজের সময়েও মোনাজ্জেমদেরকে হজযাত্রীদের সেবা ও ব্যবস্থাপনার জন্য সৌদি আরব গমনের প্রয়োজন হয়। সৌদি ই-হজ ব্যবস্থাপনার নিমিত্ত ''বেসরকারি ব্যবস্থাপনায় হজ এজেন্সীর মোনাজ্জেম নির্বাচন ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা" হজ এজেন্সীসহ সংশ্লিষ্ট সকলের অবগতি ও অনুসরণের জন্য জারী করা হলো:

## ১। উদ্দেশ্য :

বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের উন্নত সেবা প্রদান ও সুষ্ঠুভাবে হজপালন নিশ্চিতকরণে মোনাজ্জেম নির্বাচন ও কর্মপরিধি নির্ধারণ।

## ২। যোগ্যতা :

(ক) রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য হজ এজেন্সীর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/পরিচালক/ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত প্রতিনিধি মোনাজ্জেম হতে পারবেন। এক্ষেত্রে আবেদনের সাথে প্রমাণক থাকতে হবে।

(খ) কোন হজ এজেন্সীর মোনাজ্জেম হিসেবে নিয়োগের ক্ষেত্রে ব্যবস্থাপক/তদূর্ধ্ব কর্মকর্তাকে মনোনয়নের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত ও ব্যাংকের মাধ্যমে বেতন পরিশোধের প্রমাণপত্র বা TIN সহ আবেদন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট হজ এজেন্সী এই মর্মে অঙ্গীকার করবে যে, তার নিযুক্ত মোনাজ্জেমের মাধ্যমে সম্পাদিত সকল কাজ বা লেনদেন উক্ত হজ এজেন্সীর নির্দেশনায় পরিচালিত হয়েছে/হচ্ছে এবং হজ এজেন্সী তা মেনে নিতে বাধ্য থাকবে।

(গ) মোনাজ্জেমকে অবশ্যই বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন, বিধি-বিধান, নিয়ম-নীতি, নির্দেশিকা, বিজ্ঞপ্তি ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

(ঘ) মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সীর হতে হবে। মোনাজ্জেমকে অবশ্যই প্রয়োজনীয় কম্পিউটার পরিচালনা, ই-হজ সংক্রান্ত বাংলাদেশ ও সৌদি সরকারের যাবতীয় কার্যক্রম প্রতিপালনে প্রশাসনিক ও কারিগরিভাবে দক্ষ হতে হবে। এতদ্সংশ্লিষ্ট ইউজার আইডি ও পাসওয়ার্ড গোপনীয়তার সাথে ব্যবহার করতে হবে।

## ৩। মোনাজ্জেমের দায়িত্ব ও কর্তব্য:

(ক) বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন, বিধি-বিধান, নিয়ম-নীতি, নির্দেশিকা, বিজ্ঞপ্তি ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে এবং উভয় দেশের নির্দেশনা মোতাবেক যাবতীয় কাযর্ক্রম পরিচালনা করতে হবে।

(খ) হজ সংক্রান্ত বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় কার্যক্রম কারিগরি ও প্রশাসনিক দক্ষতার সাথে পরিচালনা করতে হবে।

(গ) সৌদি আরবের ই-হজ সিস্টেমে তাসনিফ/তাসরিয়া সংক্রান্ত তথ্য প্রদানপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি করে বাংলাদেশ হজ অফিসের অনুমোদন অনলাইনে সম্পাদন করতে হবে।

(ঘ) বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক রাজকীয় সৌদি সরকারের বিভিন্ন দপ্তরের সাথে চুক্তি যথাসময়ে সম্পাদন করতে হবে।

(ঙ) হজ এজেন্সীর হজযাত্রীদের সৌদি আরবে গমন ও প্রস্থান পর্যন্ত যাবতীয় দাপ্তরিক কার্যাদি ও সংশ্লিষ্ট সকলের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধনের কার্যক্রম মোনাজ্জেমকে গুরুত্বসহকারে সম্পাদন করতে হবে।

## ৪। মোনাজ্জেম নির্বাচন পদ্ধতি:

(ক) মোনাজ্জেম হওয়ার জন্য হজ এজেন্সীর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/পরিচালক/ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত প্রতিনিধিকে তার সম্পর্কে উপযুক্ত প্রমাণকসহ আবেদন পরিচালক, হজ অফিস, ঢাকায় জমা প্রদান করবে।

(খ) যদি কোন হজ এজেন্সী তাদের কর্মকর্তা/কর্মচারীকে মোনাজ্জেম হিসেবে মনোনয়ন প্রদান করতে চায়, তবে ব্যবস্থাপক/তদূর্ধ্ব কর্মকর্তাকে মনোনয়নের প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত ও ব্যাংকের মাধ্যমে বেতন পরিশোধের প্রমাণপত্র বা TIN সহ আবেদন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট হজ এজেন্সী এই মর্মে অঙ্গীকার করবে যে, নিয়োজিত মোনাজ্জেমের মাধ্যমে সম্পাদিত সকল কাজ বা লেনদেন উক্ত হজ এজেন্সীর নির্দেশনায় পরিচালিত হয়েছে বলে বিবেচিত হবে এবং হজ এজেন্সী তা মেনে নিতে বাধ্য থাকবে (ফরম-১৪)।

(গ) হজ এজেন্সী নিবন্ধন সার্ভারে তথ্য পূরণ করে অনলাইনে আবেদন করবে; যা পরিচালক, হজ অফিস, ঢাকা অনুমোদন করবে।

(ঘ) মোনাজ্জেম পরিবর্তনের জন্য একইভাবে হজ এজেন্সী নিবন্ধন সার্ভারে তথ্য পূরণ করে অনলাইনে আবেদন করবে; যা পরিচালক, হজ অফিস, ঢাকা অনুমোদন করবে।

## ৫। মোনাজ্জেম/এজেন্সীর অপরাধ ও শাস্তি :

(ক) কোন মোনাজ্জেম জাতীয় হজ ও ওমরাহ নীতি, হজ প্যাকেজ ও এই নির্দেশিকাসহ সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত যেকোন আদেশ/নিষেধ/নির্দেশনার প্রতি অবজ্ঞা/শৈথিল্য প্রদর্শন কিংবা অমান্য করলে মোনাজ্জেম ও সংশ্লিষ্ট এজেন্সীর বিরুদ্ধে সরকার কর্তৃক যে কোন আইনগত ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার বিরুদ্ধে উক্ত মোনাজ্জেম/এজেন্সী শাস্তির আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবরে রিভিউ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে কর্তৃপক্ষ তাঁর বিরুদ্ধে প্রদত্ত শাস্তির আদেশ পুনর্বিবেচনা করতে পারবে।

৬। সরকার সময় সময় এই নির্দেশিকা সংশোধন, সংযোজন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে।

২/৪/২০১৭

মো: আব্দুল জলিল
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১১.০০৭.১৬-৪৭৬

তারিখ: ০৩, এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ.........................................................।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১২. ব্যবস্থাপনা পরিচালক/ সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/ ভাইস-প্রেসিডেন্ট............................................... ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১৪. যুগ্মসচিব (সকল) ..........................................ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
১৭. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. জেলা প্রশাসক (সকল)..........................................................................।
১৯. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
২০. পুলিশ সুপার, (সকল)...........................................................................।
২১. সিভিল সার্জন (সকল)............................................................................।
২২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল).................................................................।
২৪. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা).........................................................।
২৮. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
২৯. উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (এই নির্দেশিকাটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩০. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)..................................................।
৩১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরি, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, ১২ কাওরান বাজার, ঢাকা (সংযুক্ত নির্দেশিকাটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩৩. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক.......................... পত্রিকা (সংযুক্ত নির্দেশিকাটি তার পত্রিকার নির্দিষ্ট কলামে ১ (এক) দিনের জন্য.................... পাতায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৩৪. স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক,...............................................................।
৩৫. জনাব..........................................................................................।

০৩/০৪/২০১৭

মো: আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ফোন: ৯৫৮৪৩২২
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।